

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.০৯৩.১৩.পার্ট-২./০২২২

তারিখ : ২১/০৯/২০১৬ খ্রিঃ


বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র : নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-৩৭.০৩.৭৩০০.০০৩.০১.০১০.১৬/৩২৫ তারিখ: ২০/০৭/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ জনাব অরবিন্দ কুমার বর্দন গত ২৬/১০/২০১৫ খ্রিঃ তারিখে প্রেরিত পত্রের মাধ্যমে তিনি তাঁর প্রতিষ্ঠানের ইন্সট্রাক্টর (পদার্থ) জনাব মোঃ তারিকুল ইসলাম-কে বিভাগীয় প্রার্থী হিসাবে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করেছেন মর্মে পত্র প্রেরণ করেন।

- ২। বর্ণিত বিষয়ে ২০/০৩/২০১৬ খ্রিঃ তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে ৩৭.০৩.০৪০০.০৪০.১৮.০৯৩.১৩.পার্ট-২.৩৪৬ স্মারকমূলে তাঁর নিকট প্রমাণকসহ ব্যাখ্যা চাওয়া হয়। তিনি প্রমাণক ব্যতীতই ব্যাখ্যা প্রেরণ করেন। যা মোটেই সন্তোষজনক নহে।
- ৩। বর্ণিত বিষয়ে ১৯/০৬/২০১৬ খ্রিঃ তারিখ কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে ৩৭.০৩.০০০০.০৪০.১৮.০৯৩.১৩.পার্ট-২.৮২৯ স্মারকমূলে পুনরায় প্রমাণকসহ ব্যাখ্যা চাওয়া হয়। তিনি প্রমাণক ব্যতীত জবাব পত্র প্রেরণ করেন। জবাবে তিনি উল্লেখ করেন, প্রকৃতপক্ষে তিনি বিভাগীয় প্রার্থীও ছিলেন না এবং কর্তৃপক্ষের পূর্বানুমতিও গ্রহণ করেন নাই।
- ৪। তথ্য গোপন করা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে ভুল তথ্য প্রেরণ করা অসদাচরণের শামিল।

এমতাবস্থায়, কেন তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক “অসদাচরণ” (Misconduct) এর দায়ে অভিযুক্ত করা হবে না তা পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত ভাবে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২১.৯.২০১৬
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ
নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ
নীলফামারী।

অনুলিপি :

- ০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।